



অচেনা অতিথি প্রেস ক্লাবের কলমে

সাক্ষাৎকার : কবি অতসী নাথ রায় (কলকাতা)

অচেনা অতিথি সাহিত্য সম্মানপ্রাপ্ত কবি

আপনার ব্যক্তিগত ও শুরুর দিক :

প্রশ্ন (অচেনা অতিথি) : আপনার জন্ম ও শৈশব কেমন ছিল ?

উত্তর : (অতসী নাথ রায়) : জন্মকালীন কোন স্মৃতি বা অভিজ্ঞতা তো কারও থাকে সম্ভব নয়, আমারও নেই। তবে শাব্দিক জ্ঞান থেকে জানি- সুস্থ সবল হস্তপুষ্ট ছিলাম। শৈশব - মনোরম।

প্রশ্ন : সাহিত্য চর্চার শুরুটা কীভাবে হয়েছিল ?

উত্তর : একান্তই আনন্দ আর ভালোলাগায়, স্বতঃস্ফূর্তভাবে। বাড়ীতে পড়াশোনা-সাহিত্য-সংসর্গের আবহমানতা ছিল।

প্রশ্ন : প্রথম লেখা/প্রথম প্রকাশনার অভিজ্ঞতা কেমন ছিল ?

উত্তর : হার্দিক, অফুরন্ত আনন্দের।

সাহিত্য ও ভাবনা :

প্রশ্ন : কবিতা/গল্প/প্রবন্ধ - কোন ধারায় আপনি সবচেয়ে বেশী স্বাচ্ছন্দ্যবোধ করেন ? কেন ?

উত্তর : খানিকটা হয়ত জলের মত, যখন যে পাঠে রাখা হয় মন তারই আকার-আয়তন লাভ করে। যে শাখাতেই লিখি না কেন তখন তার আনন্দেরই মন-মশগুল থাকে। কেন এমন হয় উত্তর সঠিক জানা নেই, হয়ত বা এটাই আমার মনের ধর্ম।

প্রশ্ন : আপনার কাছে সাহিত্য মানে কী ?

উত্তর : জীবন সমন্বিত যা কিছু তারই রসোত্তীর্ণ বাক্য-কথন বা লেখনই সাহিত্য। তবে কোন সংজ্ঞাই কখনও স্বয়ং-সম্পূর্ণ হয় না। ফাঁক-ফোঁকড় থাকেই।

প্রশ্ন : লেখালেখিতে আপনার অনুপ্রেরণা কারা ?

উত্তর : নিজের জীবন এবং আবহমানকাল চলমান জীবন।

প্রশ্ন : কোন্ কোন্ বই বা লেখক আপনার সাহিত্য চিন্তায় গভীর প্রভাব ফেলেছেন ?

উত্তর : নানা বই এবং অনেক অনেক লেখকই আমার চিন্তা ভাবনাকে ঋদ্ধ করেছে এবং করেছেন কিন্তু আমার সাহিত্য-চিন্তায় কারোরই কোন প্রভাব নেই। অন্ততঃ আমার তাই মনে হয়।

সংগ্রাম ও চ্যালেঞ্জ :

প্রশ্ন : লেখক জীবনের পথে সবচেয়ে বড় বাধা বা চ্যালেঞ্জ কি ছিল ?

উত্তর : বাধা তো একটা নয়, খুব জটিল synthesis।

প্রশ্ন : প্রকাশনার ক্ষেত্রে কী ধরণের সমস্যার মুখোমুখি হতে হয়েছে ?

উত্তর : কোন সমস্যার নয়, সকলেই স্বাগত জানিয়েছেন।

প্রশ্ন : পরিবার ও সমাজ থেকে কীভাবে সমর্থন বা প্রতিবন্ধকতা পেয়েছেন ?

উত্তর : পরিবার সমাজ, সমাজ-পরিবার-সবাই যেন এক দম বন্ধ করা পারিপার্শ্বিকতা অথবা প্রবল হাসির খোরাক জোগানোর এক জায়গা। কিন্তু তবুও যখন চলেছি, তার মানে এর মধ্য দিয়ে চলাও সম্ভব।

সমকালীন-সাহিত্য প্রসঙ্গে :

প্রশ্ন : সমকালীন বাংলা সাহিত্যকে আপনি কীভাবে দেখছেন ?

উত্তর : সমকালীন বাংলা-সাহিত্য ভালো রকমই ফলপ্রসূ।

প্রশ্ন : তরুণ প্রজন্মের লেখালেখি সম্পর্কে আপনার মতামত কী ?

উত্তর : প্রবলভাবে লেখালেখি চলছে এবং বলিষ্ঠ সব কলম। এঁদের আন্তরিকভাবে স্যালুট জানাই।

প্রশ্ন : মুদ্রিত বই ও অনলাইন সাহিত্য-চর্চার মধ্যে কোনটা বেশী প্রভাবশালী বলে মনে করেন ?

উত্তর : দুটোই প্রভাবশালী বলে মনে হয়। তবে বর্তমান প্রেক্ষিত 'অনলাইন'-এর দিকেই চোখ রাখবে বেশী।

ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি :

প্রশ্ন : আপনার প্রিয় কবিতা/গল্প/উপন্যাস কোনটি এবং কেন ?

উত্তর : একক কোন কবিতা, গল্প বা উপন্যাসের গলায় মালা দেওয়া সম্ভব নয়। এক এক সৃষ্টির এক এক রকমের আবেদন। তারা তাদের নিজস্ব আবেদন নিয়ে মানস-তৃপ্তি ঘটায়। যখন যেমন মানস-পরিস্থিতি, তারই উপর ব্যাপারটা নির্ভরশীল।

প্রশ্ন : আপনার লেখালেখিতে প্রকৃতি, সমাজ বা রাজনীতি, কোন্ বিষয়গুলি বেশী প্রাধান্য পায় ?

উত্তর : প্রকৃতি-সমাজ বা রাজনীতি, এ যেন ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর। প্রত্যেকেরই প্রাধান্য সহজভাবেই স্বীকার করতে হয়। একক কারোর প্রতি পক্ষপাতিত্ব নেই।

প্রশ্ন : আপনার সাহিত্য-কর্মে ব্যক্তিগত প্রভাব কতখানি ?

উত্তর : প্রত্যক্ষ-পরোক্ষ-শাব্দিক জ্ঞানের মধ্য দিয়েই অভিজ্ঞতা ঋদ্ধ বা পোক্ত হয়ে ওঠে। তখন তাই হয় ব্যক্তিগত অভিজ্ঞতা। কাজেই নিজের লেখায় ব্যক্তিগত অভিজ্ঞতা তো থাকবেই।

নতুন প্রজন্ম ও ভবিষ্যৎ :

প্রশ্ন : নতুন কবি/লেখকদের জন্য আপনার পরামর্শ কী ?

উত্তর : সাহিত্য-সৃষ্টি পরামর্শ- নির্ভর নয়। পরামর্শ করে বা পরামর্শ মতো সাহিত্য-সৃষ্টি সম্ভব নয়। ভূ-পৃষ্ঠের চাপে-তাপে-সাহচর্যে যেমন কয়লা বা হীরে তার পূর্বরূপ পাণ্টে নতুন রূপে হাজির হয়, সাহিত্য-স্রষ্টাও তেমনি পারিপার্শ্বিকের বিচিত্র স্পর্শে, বিচিত্র অভিজ্ঞতার মধ্য দিয়ে নিজের মত করে, নিজের মধ্য দিয়ে জেগে ওঠেন। সমগুণ সম্পদের মধ্যেই তুলনা টানা উচিত হলেও এখানে জড় এবং চেতনের মধ্যেই তুলনা টানা হল।

প্রশ্ন : আপনার ভবিষ্যৎ সাহিত্য পরিকল্পনা কী ?

উত্তর : কল্পনা তো অনেক ছিল, কল্পনা তো অনেক আছে, 'পরী'র হাতে হাত কি সে রাখবে? অথবা দুই পেলব হাতে পথভোলা কোন্ 'পরী' এসে আপন মনে হাতখানা তার ধরবে?

১৯। পাঠকদের উদ্দেশ্যে কিছু বলতে চান কি ?

উত্তর : আমি পাঠকদের উদ্দেশ্যে বলবো কি? পাঠকরাই তো আমাকে বলবেন, — মিথ্যে ঘ্যানর, ঘ্যানর করবেন না তো, যান ঘরে গিয়ে ঘুমোন।

স্থান : 'অচেনা অতিথি'

ম্যাগাজিনের অফিস

(আজুড়িয়া, পলাশপাই, পশ্চিম মেদিনীপুর)

Visit

Website :

www.achenaatithi.com (Press Club)

শীতল দাসকর্মকার

প্রবাইটর/এডিটর

অচেনা অতিথি

This is computer generated Interview Certificate hence Signature / Stamp not required.

অচেনা অতিথি মাসিক সাহিত্য ম্যাগাজিনে লেখা দিন। MB & WA : 9679856633

